গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-০৩ তারিখঃ ০১.০১.২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়িত মেরামত ও সংস্কার কাজের সরজমিনে পরিদর্শন প্রতিবেদন।

সূত্রঃ উন্নয়ন অনুবিভাগের স্মারক নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০১.২১-১২২, তারিখঃ ২২/১২/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৭/১২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বরিশালস্থ শের-ই-বাংলা মেডিকেল কলেজের ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়িত মেরামত ও সংস্কার কাজ সরজমিনে পরিদর্শন করি। পরিদর্শনকালে মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাঃ মোঃ মনিরুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ জনাব মোঃ কামরুল হাসানসহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অধ্যক্ষ মহোদয় জানান লাইব্রেরী ভবনের ছাদ গত বছর পানি পরা বন্ধের জন্য মেরামত করা হলেও সেখান দিয়ে পানি পরছে। তবে তিনি জানান অভিযোগ দেওয়ার পর গণপূর্ত বিভাগের উদ্যোগে পুনরায় ছাদ মেরামতের কাজ করে দেওয়া হয়। এছাড়া তিনি জানান ছাত্র হোস্টেলের তিন তলার উপরে ছাদ হতে স্লাব খুলে খুলে আস্তর পড়ছে যা জরুরী মেরামত প্রয়োজন। মেডিকেল কলেজের অডিটরিয়াম সংস্কার করতে গিয়ে তিন বছর পূর্বে অভ্যন্তরীন ডিজাইন পরিবর্তন করে কেন্দ্রীয়ভাবে এসিতে রূপান্তর করার উদ্যোগ গ্রহণ করা হয় এবং এর জন্য সব দরজা, জানালা পরিবর্তন করে এবং পুরাতন টিনের চেয়ার অপসারন করে কিন্তু ঠিকাদার কাজ অসম্পূর্ণ রেখে চলে যায়। প্রায় তিন বছর যাবৎ সংস্কারের কাজ সম্পূর্ণ না করায় অডিটরিয়ামটি নষ্ট হয়ে যাচ্ছে মর্মে অভিযোগ করেন। গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জানান বাজেট না থাকায় তার বিভাগ কাজ সম্পন্ন করতে পারেন নাই। এ বছর বাজেটের জন্য পত্র দিয়েছেন এবং বাজেট পাওয়ার পর অডিটরিয়ামের অসম্পূর্ণ কাজ করে দিবেন। এছাড়া ছাত্রী হোস্টেল এবং অধিকাংশ একাডেমিক ভবনের ভিতর ও বাহিরে পরিদর্শন করে জরাজীর্ণ, পলিস্তার খুলে যাওয়া ও বাইরের দেওয়ালে শ্যাওলা জমা, পানি পরে দেয়ালগুলো নষ্ট হয়ে যাচ্ছে দেখা যায়। পুরাতন ভবন আংশিকভাবে মেরামত না করে ভিতর এবং বাহিরে সাথে সংস্কার কাজ করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়।

২০২১-২০২২ অর্থ বছের সম্পাদিত সংস্কার কাজের মধ্যে দৈবচয়ন ভিত্তিতে ফিজিওলজি বিভাগের ছাদের মেরামত কাজের ডকুমেন্টস ও পুনগতমান সরজমিনে প্রত্যক্ষ করা হয় এবং পৃথকভাবে নির্ধারিত ফরমে উল্লিখিত মেরামত কাজের বিবরণ মহোদয়ের সদয় অবগতির জন্য প্রতিবেদন এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

০১/০১/২০২৩

এ. কে. এম. নূরুন্নবী কবির
অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ফোন-৫৫১০০৮২২

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের চলমান (২০২১-২২ অর্থবছর) মেরামত ও সংস্কার কাজ পরিদর্শন প্রতিবেদন

### ছক-'খ'

<table>
<tr><th>ক্রম</th><th colspan="4">পরিদর্শনের বিষয়</th><th>মন্তব্য/বিবরণ</th></tr>
<tr><td rowspan="9">(১)</td><td colspan="4">ক) পরিদর্শন কার্যালয়ের নাম ও ঠিকানা –শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল</td><td></td></tr>
<tr><td colspan="4">খ) প্রতিষ্ঠান প্রধানের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ই-মেইল-অধ্যক্ষ মোঃ মনিরুজ্জামান</td><td></td></tr>
<tr><td colspan="4">গ) পরিদর্শনের তারিখ ও সময়- ২৭/১২/২০২২, সকাল-০৯.০০ ঘটিকা</td><td></td></tr>
<tr><td rowspan="6">ঘ) পরিদর্শিত মেরামত ও সংস্কার কাজের নাম, বরাদ্দকৃত অর্থের বিপরীতে সম্পাদিত কাজের বিষয়ে মতামত</td><td>ক্রম</td><td>কাজের নাম</td><td>বরাদ্দকৃত অর্থ</td><td></td></tr>
<tr><td>i</td><td>ফিজিওলোজি বিভাগের ছাদে পানি পড়া বন্ধ করণ</td><td>১৬.০০ লক্ষ</td><td></td></tr>
<tr><td>ii</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>iii</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>iv</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>v--</td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="3">(২)</td><td colspan="4">ক) চাহিদা প্রেরণের তারিখ-১০/০১/২০২১</td><td></td></tr>
<tr><td colspan="4">খ) প্রশাসনিক অনুমোদনের তারিখ- ১২/০৪/২০২১, পত্র নং-৮৮</td><td></td></tr>
<tr><td colspan="4">গ) অর্থ ছাড়ের তারিখ</td><td></td></tr>
<tr><td rowspan="4">(৩)</td><td colspan="4">ক) দরপত্রের ধরন, আহ্বানের তারিখ ও সময়- এল, টি, এম</td><td></td></tr>
<tr><td colspan="4">খ) দরপত্র বিজ্ঞপ্তি প্রচারিত স্থানীয় ও জাতীয় পত্রিকার পত্রিকার নাম ও তারিখ/ই-জিপি- নাই</td><td></td></tr>
<tr><td colspan="4">গ) কার্যাদেশের স্মারক নং ও তারিখ- নং-৪৮৬৩, তারিখ-১৫/০৬/২০২২</td><td></td></tr>
<tr><td colspan="4">ঘ) PPA, 2006 ও PPR, 2008 এর বিধানসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে কি না?</td><td>হ্যাঁ</td></tr>
<tr><td>(৪)</td><td colspan="4">কাজ বাস্তবায়নকারী দপ্তর প্রধান ও স্থানীয় দপ্তর প্রধানের নাম, পদবী টেলিফোন নম্বর ও ই-মেইল</td><td>মোঃ কামরুল হাসান নির্বাহী প্রকৌশলী, বরিশাল</td></tr>
<tr><td>(৫)</td><td colspan="4">চলমান কাজের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের মতামত</td><td>সন্তোষজনক</td></tr>
<tr><td>(৬)</td><td colspan="4">চলমান কাজের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে পরিদর্শনকারী কর্মকর্তার মতামত</td><td>সন্তোষজনক</td></tr>
<tr><td>(৭)</td><td colspan="4">চলমান কাজের অগ্রগতি (%)</td><td>১০০%</td></tr>
<tr><td>(৮)</td><td colspan="4">এ বিভাগে দাখিলকৃত প্রাক্কলনের খাতভিত্তিক বিভাজন মোতাবেক কাজ হচ্ছে কি না?</td><td>হ্যাঁ</td></tr>
<tr><td>(৯)</td><td colspan="4">যে কাজের জন্য অর্থ বরাদ্দ দেয়া হয়েছে সে কাজ ব্যতীত অন্য কোন কাজে বরাদ্দকৃত অর্থ খরচ করা হচ্ছে কি না?</td><td>না</td></tr>
<tr><td>(১০)</td><td colspan="4">গত অর্থবছরের কাজের সাথে চলতি অর্থবছরের কাজের কোন দ্বৈততা পরিলক্ষিত হয়েছে কি না?</td><td>না</td></tr>
<tr><td>(১১)</td><td colspan="4">IMED এর পরিপত্র মোতাবেক কাজ শুরুর পূর্বের ভিডিওচিত্র (Pre-work ও Post-work Survey Report) সংরক্ষণ করা হচ্ছে কি না? করা হয়ে থাকলে ছবিসহ পৃথক কাগজে সংযুক্ত করতে হবে।</td><td>হ্যাঁ</td></tr>
<tr><td>(১২)</td><td colspan="4">চলমান মেরামত ও সংস্কার কাজে BOQ (Bill of Quantity)-তে উল্লেখিত specification মোতাবেক নির্মাণ সামগ্রী ব্যবহার করা হচ্ছে কি না?</td><td>হ্যাঁ</td></tr>
<tr><td>(১৩)</td><td colspan="4">সর্বশেষ পরিদর্শনের তারিখ, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী</td><td>প্রযোজ্য নয়</td></tr>
<tr><td>(১৪)</td><td colspan="4">সার্বিক মন্তব্য (অতিক্রান্ত সময়ের বিপরীতে সম্পাদিত কাজের অগ্রগতি সন্তোষজনক মর্মে দৃশ্যমান হয়েছে কি না?)</td><td>সন্তোষজনক</td></tr>
<tr><td>(১৫)</td><td colspan="4">সুপারিশ</td><td>নাই</td></tr>
</table>

** বি: দ্র: প্রযোজ্য ক্ষেত্রে পৃথক কাগজ ব্যবহার করা যাবে।

০১/০১/২০২৩

এ. কে. এম. নূরুন্নবী কবির
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার